বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোনঃ ৯৫৫০৪০৩
E-mail:dgmlad1@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ- শাখা-৪(এসএমই)- ৭(৫)/২০২০-২০২১/২৫৪৬(১১২০) তারিখ ঃ ১১.০৫.২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
ও
স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থবছরে এসএমই ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ২০২০-২০২১ অর্থ বছরের প্রারম্ভেই অত্র ব্যাংকের বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ ও আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। ইতোমধ্যে বর্তমান অর্থবছরের ১০ মাস অতিক্রান্ত হলেও এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৩০.০৪.২০২১ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের শতকরা হার (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ৭৯৫.০০ | ৪৪৫.২৮ | ৫৬% | হতাশাব্যঞ্জক |
| ২ | ময়মনসিংহ | ৩২৫.০০ | ১৯১.১৭ | ৫৯% | হতাশাব্যঞ্জক |
| ৩ | চট্টগ্রাম | ৩৫০.০০ | ১৯৩.১৪ | ৫৫% | হতাশাব্যঞ্জক |
| ৪ | খুলনা | ৩৫৫.০০ | ১৫৫.১৫ | ৪৪% | হতাশাব্যঞ্জক |
| ৫ | বরিশাল | ১৪৯.৫০ | ৯২.৩১ | ৬২% | হতাশাব্যঞ্জক |
| ৬ | সিলেট | ২৩৫.০০ | ১৩১.৭২ | ৫৬% | হতাশাব্যঞ্জক |
| ৭ | কুমিল্লা | ৪৩৯.৫০ | ২৩১.৪১ | ৫৩% | হতাশাব্যঞ্জক |
| ৮ | কুষ্টিয়া | ৩৯২.০০ | ২৩৬.৭৫ | ৬০% | হতাশাব্যঞ্জক |
| ৯ | ফরিদপুর | ৩১৫.০০ | ১৫৭.৪৩ | ৫০% | হতাশাব্যঞ্জক |
| ১০ | এলপিও | ১৪৪.০০ | ১২২.৬২ | ৮৫% | সন্তোষজনক |
| মোটঃ | | ৩৫০০.০০ | ১৯৫৬.৯৮ | ৫৬% | |

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় ঃ

ঋণ বিতরণ ঃ স্থানীয় মুখ্য কার্যালয় ব্যতিত কোন বিভাগই বার্ষিক এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে আনুপাতিক লক্ষ্যমাত্রা ৮৩% অর্জনের নির্দেশনা থাকলেও অর্জিত হয়েছে মাত্র ৫৬%। স্থানীয় মুখ্য কার্যালয় ব্যতিত সকল বিভাগের এসএমই ঋণ বিতরণের অবস্থা খুবই হতাশাব্যঞ্জক।

০৪। এসএমই ঋণ বিতরণ,আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরনে ক্রেডিট বিভাগ কর্তৃক সময়ে সময়ে একাধিক পত্র জারী এবং সংশ্লিষ্ট মাঠ কার্যালয়সমূহকে টেলিফোনে তাগিদ প্রদান করা হলেও ঋণ বিতরণ পরিস্থিতি কাঙ্খিত মাত্রায় উন্নীত হচ্ছে না। একারণে মাঠ কার্যালয় সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ সদ্ব্যবহার করে যথানিয়মে ও দ্রুততম সময়ে এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক মাসিক ভিত্তিতে মনিটরিং করতে হবে এবং এ খাতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করতে হবে । বছরের অবশিষ্ট সময় যথাযথভাবে কাজে লাগিয়ে বিভাগাধীন লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের জন্য নিম্নোক্ত পরামর্শ প্রদান করা হলোঃ

(ক) আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শখা সমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিংসহ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করতে হবে;

(খ) মুখ্য আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন এসএমই খাতে প্রাপ্ত নতুন/নবায়নযোগ্য ঋণ প্রস্তাবসমূহ দ্রুত মঞ্জুরি/নবায়ন করে বিতরনের ব্যবস্থা গ্রহন করতে হবে;

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থবছরে এসএমই ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসংগে।

(গ) এসএমই ঋণ পোর্টফলিওর খাতভিত্তিক কাঙ্খিত গঠন হবে ম্যানুফ্যাকচারিং অন্যূন ৪০%, সেবা অন্যূন ২৫%, এবং ব্যবসা সর্বোচ্চ ৩৫%। উক্ত খাত ভিত্তিক অনুপাত অনুসরণপূর্বক ঋণ বিতরণ করতে হবে;

(ঘ) নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;

(ঙ) বছর শেষে কোন শাখারই এসএমই খাতে ঋণ বিতরনের অর্জন যাতে শুন্য না থাকে সে বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহনের জন্য শাখা ব্যবস্থাপককে পরামর্শ প্রদান করতে হবে;

(চ) শাখাসমূহ কর্তৃক সাপ্তাহিক/মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদনে যথাযথভাবে রিপোর্টিং না করায় এসএমই ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না, যথাযথভাবে রিপোর্টিং করার জন্য শাখাসমূহে নির্দেশনা প্রদান করতে হবে।

০৫। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০, তারিখ ৩১/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং ২,তারিখ ০৫/০৯/২০১৯) অনুসরণ পূর্বক আগামী ৩০.০৬.২০২১ তারিখের মধ্যে এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণের বার্ষিক লক্ষ্যমাত্রার ১০০% অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণসহ বিভাগওয়ারী এসএমই ঋণের পারফরমেন্স মাসিক ভিত্তিতে ক্রেডিট বিভাগে (এসএমই) প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

২২/০৫/২১

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-০৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ২৫৪৬(১২৫০) তারিখঃ ঐ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বিকেবি, প্রকা,ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়,বিকেবি,প্রকা,ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৪. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫. উপ- মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা,ঢাকা ঢাকা (পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল শাখা ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. নথি/ মহানথি।

২২/০৫/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ মহাব্যবস্থাপক